

স্মারক নং-৪৬.০৪৫.০২২.১০.২৩.০২৩.২০১৫-৫৩১

তারিখঃ ২০ বৈশাখ ১৪২৩  
০৩ মে, ২০১৬ খ্রিঃ

প্রেরক : ড. জুলিয়া মঈন  
সিনিয়র সহকারী সচিব  
স্থানীয় সরকার বিভাগ

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্থানীয় সরকার বিভাগ  
স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
মোঁচাক টাওয়ার (১১ তলা) ৮৩/বি, নিউ সার্কুলার রোড, ঢাকা।

বিষয় : ২০১৫-১৬ অর্থ বছরে চলমান প্রকল্প বাস্তবায়নের জন্য বিশেষ খোক বরাদ্দ উপখাত হতে অর্থ মঞ্জুরী প্রদান।  
মহোদয়,

অর্থ বিভাগের ৩০-০৮-২০০০ তারিখের অমঃঅবিঃ/উঃ-১/বিবিধ-৪৬/৯৭-৪৬৯ নং স্মারকে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতা বলে ২০১৫-২০১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (৫০১০ কোডে) উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা খোক বরাদ্দের ৪৩০.০০ (চারশত ত্রিশ কোটি) টাকার চলমান প্রকল্প বাস্তবায়নের জন্য বিশেষ খোক বরাদ্দ উপখাতে রক্ষিত ২১.৫০ কোটি (একুশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা হতে মাননীয় মন্ত্রীর অধিগ্রহণ অনুযায়ী নিম্নবর্ণিত ২১ (একুশ) টি উপজেলা পরিষদের অনুকূলে ৯.৫০ কোটি (নয় কোটি পঞ্চাশ লক্ষ) টাকা নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

নং	জিও নং	জেলার নাম	উপজেলার নাম	বরাদ্দকৃত টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ক্রঃ নং	জিও নং	জেলার নাম	উপজেলার নাম	বরাদ্দকৃত টাকার পরিমাণ (লক্ষ টাকায়)
১.	৫৩২	বরিশাল	মেহেন্দীগঞ্জ	৫০.০০	১২.	৫৪৩	চাঁদপুর	ফরিদগঞ্জ	৩০.০০
২.	৫৩৩	শেরপুর	সদর	৭৫.০০	১৩.	৫৪৪		মতলব উঃ	৩০.০০
৩.	৫৩৪	বগুড়া	ধুনট	২৫.০০	১৪.	৫৪৫		হাইমচর	৮০.০০
৪.	৫৩৫	হবিগঞ্জ	লাখাই	২৫.০০	১৫.	৫৪৬	কুমিল্লা	ব্রাহ্মণপাড়া	৩০.০০
৫.	৫৩৬	দিনাজপুর	বিরল	২৫.০০	১৬.	৫৪৭	বান্দরবান	সদর	৫০.০০
৬.	৫৩৭		বোচাগঞ্জ	২৫.০০	১৭.	৫৪৮	খুলনা	তেরখাদা	২৫.০০
৭.	৫৩৮	যশোর	সদর	৭৫.০০	১৮.	৫৪৯	সাতক্ষীরা	সদর	৫০.০০
৮.	৫৩৯	নোয়াখালী	হাতিয়া	৪০.০০	১৯.	৫৫০	ভোলা	লালমোহন	৭৫.০০
৯.	৫৪০		সুবর্ণচর	৪০.০০	২০.	৫৫১		তাজুমদ্দিন	৭৫.০০
১০.	৫৪১	বি-বাড়িয়া	সদর	৪৫.০০	২১.	৫৫২	টাঙ্গাইল	সদর	৫০.০০
১১.	৫৪২	সিরাজগঞ্জ	তাড়াশ	৩০.০০				সর্বমোট =	৯৫০.০০

**শর্তসমূহঃ**

- এই ব্যয় ২০১৫-২০১৬ অর্থ বছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং ৩৩, ৩৭ স্থানীয় সরকার বিভাগ, ৩৭০১ সচিবালয়, ৫০১০- উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা ৭৯৮২ (মূলধন খোক) বরাদ্দ হতে মিটানো হবে।
- প্রচলিত সরকারি বিধান ও এ বিভাগ কর্তৃক ১০-১১-২০১৪ খ্রিঃ তারিখে ৪৬.০৪৫.০১৮.০০.০০.০৫৪.২০১৩-১০৬৮ নং স্মারকে জারিকৃত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসরণে উপজেলা পর্যায়ে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়নে মঞ্জুরীকৃত এই বরাদ্দের অর্থ ব্যয় করা হবে।
- উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নিবাহী অফিসার যৌথভাবে মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- এই বরাদ্দের অধীন অনুমোদিত স্কীম এবং প্রচলিত আর্থিক রীতিনীতি অনুযায়ী ব্যয় নির্বাহ করে সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট বিল দাখিলপূর্বক সরকারি তহবিল থেকে প্রয়োজনীয় অর্থ আহরণ করতে হবে।
- মঞ্জুরীকৃত অর্থ ৩০-০৬-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ব্যয় করতে হবে। আগামী ১৫-০৭-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়িত/সমাপ্ত প্রকল্পের (Project Completion Report) সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এর যৌথ স্বাক্ষরে এ বিভাগে প্রেরণ করতে হবে।
- সচিব, স্থানীয় সরকার বিভাগ উক্ত অর্থ ব্যয়ের নিবাহী কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন।
- এই ব্যয় মঞ্জুরিতে অর্থ বিভাগের ১০/০১/২০১৬খ্রিঃ তারিখের ০৭.১১১.০১৪.০১.০০১.২০১০-০৫ নং স্মারকে সম্মতি রয়েছে।

J.A.M.  
ড. জুলিয়া মঈন  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৭৭২৩০

সদর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- সিনিয়র সচিব, অর্থ বিভাগ (দৃঃ আঃ উপ-সচিব, বাজেট-১১)।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- কমিশনার, -----বিভাগ।
- জেলা প্রশাসক, -----জেলা।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (জিও পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।